

ভারতবর্ষ

পৃথিবীর নীল আকাশ
এখন সন্ত্রাসবাদে কালো,
ভারতবর্ষ সময় এসেছে
জ্বালাও শান্তির আলো।

কাশ্মীরে সাদা বরফের মাঝে
রক্তগঙ্গা বইছে আজ,
ভারতবর্ষ সময় এসেছে
পরে নাও তুমি যুদ্ধসাজ।

মায়ের ঘরেতে ছেলে ফেরে আজ
হয়ে তেরঙ্গা মোড়া কফিন,
নিরাপত্তাদাতারা কি তবে
সত্যিই নিরাপত্তাহীন ?

ধর্মের নামে মানুষ মারলে
হবেনা জাহান্নমেও ঠাই,
সন্ত্রাসবাদী - আতঙ্কবাদীর
জেনে রেখো কোনো ধর্ম নাই।

হিন্দু না তুমি মুসলিম?
এই প্রশ্নের হোক এখনি শেষ,
সবার প্রথমে ভারতীয় আমি
ভারতবর্ষ আমার দেশ।

-তনুশ্রী বেরা